



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয়  
কার্যালয়, রাজশাহী  
dncrp.rajshahidiv.gov.bd



নম্বর ২৬.০৪.৮১০০.৫০১.১৭.০০৭.২০.৮২

তারিখ: ২৯ পৌষ ১৪২৮

১৩ জানুয়ারি ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ১৩ জানুয়ারি ২০২২ তারিখে রাজশাহী বিভাগীয় কার্যালয়ের ০১টি টিম কর্তৃক রাজশাহী মহানগরের বোয়ালিয়া ও চন্দ্রিমা থানায় পরিচালিত বাজার তদারকি কার্যক্রম সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি।

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের রাজশাহী বিভাগীয় কার্যালয় কর্তৃক ১৩/০১/২০২২ খিঃ তারিখে সহকারী পরিচালক এর নেতৃত্বে রাজশাহী মহানগরের শিরোইল এলাকা ও নামো ভদ্রা এলাকায় অভিযান পরিচালিত হয়। সহকারী পরিচালক জনাব মোঃ হাসান-আল-মারুফ বোয়ালিয়া থানাধীন শিরোইল এলাকায় জুবায়ের কনফেকশনারিকে মোড়কজাত পণ্যে সর্বোচ্চ খুচরা বিক্রয়মূল্য না থাকায় ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৭ অনুযায়ী ২,০০০/- টাকা, মাসুম স্টোরকে মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয় ও বিক্রয়ের জন্য সংরক্ষণ করা ও প্রতিশ্রুত পণ্য যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৫১ ও ৪৫ অনুযায়ী ২,০০০/- টাকা, জাহিদ হোটেলকে সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৫২ অনুযায়ী ১,০০০/- টাকা এবং চন্দ্রিমা থানাধীন নামো ভদ্রা এলাকায় রিজিক ফিস বারবি কিউকে মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয় ও বিক্রয়ের জন্য সংরক্ষণ করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৫১ অনুযায়ী ৫,০০০/- জরিমানা করেন। আজকের অভিযানে সর্বমোট ১০,০০০/- টাকা জরিমানা করা হয়েছে। এছাড়াও টিসিবির ট্রাক সেলস মনিটরিং করা হয়েছে। অভিযান চলাকালে ভোক্তা ও ব্যবসায়ীদের মাঝে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন ২০০৯ সম্বলিত লিফলেট ও মাস্ক বিতরণ করা হয় এবং আইনটি মেনে চলতে উদ্বুদ্ধ করা হয়। রাজশাহী মেট্রোপলিটন পুলিশের সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।

১৩-১-২০২২

অপূর্ব অধিকারী

উপপরিচালক

ফোন: ০৭২১-৭৭২৭৭৪

ফ্যাক্স: ০৭২১-৭৭৫৪০৬

ইমেইল: dd-

rajshahi@dncrp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক(অতিরিক্ত সচিব) , জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
- ৩) পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।
- ৪) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
- ৫) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, এডিএম, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
- ৬) সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়।
- ৭) সহকারী পরিচালক (মেট্রো), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়।
- ৮) অফিস কপি।